

## 💵 সহীহ দুআ ও যিক্র

বিভাগ/অধ্যায়ঃ জীবন থেকে নিরাশ হলে রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

জীবন থেকে নিরাশ হলে

اللَّهُمَّ اغْفِرْ لِي وَارْحَمْنِي وَأَلْحِقْنِي بِالرَّفِيقِ الأَعْلَى

উচ্চারণঃ-আল্লা-হুম্মাণফিরলী অরহামনী অ আলহিকনী বিরাফীকূিল আ'লা।

অর্থঃ আল্লাহ গো! আমাকে ক্ষমা কর, আমার প্রতি দয়া কর এবং আমাকে মহান সাথীর সাথে মিলিত কর। (বুখারী ৭/১০, মুসলিম ৪/ ১৮৯৩)।

لا إله إلا الله والله أكبر لا إله إلا الله وحده لا إله إلا الله وحده لا شريك له لا إله إلا الله له الملك وله الحمد لا إله إلا الله ولا حول ولا قوة إلا بالله

উচ্চারণঃ-লা ইলা-হা ইল্লাল্লাহু আল্লাহু আকবার, ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহ, লা ইলা-হা ইল্লাল্লা-হু অহদাহু লা শারীকা লাহ, লা ইলা-হা ইল্লাল্লা-হু লাহুল মুলকু অলাহুল হাম্দ, লা ইলা-হা ইল্লাল্লা-হু অলা হাউলাঅলা কুউওয়াতা ইল্লা বিল্লাহ।

এসব তাহলীলের অর্থ পূর্বে বহুবার উল্লিখিত হয়েছে। এই দুআ পড়ে কেউ মারা গেলে সে জাহান্নাম প্রবেশ করবে না। (সহীহ তিরমিয়ী ৩৮ ১৫২, সহীহ ইবনে মাজাহ ২/৩১৭)।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11738

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন